সংবাদ

তারিখ: 25 SEP 2017
পৃষ্ঠা: 8 কলাম: 8

# শিক্ষকদের মূল্যবোধ বিকাশে গুরুত্বারোপ শিক্ষামন্ত্রীর

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষকদের সততা, নিষ্ঠা ও মূল্যবোধ আরও বিকশিত করার ওপর গুরুত্বারোপ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'এটা পেশার চেয়েও অধিক কিছু। শিক্ষকরা হচ্ছেন জাতি গঠনের নিয়ামক শক্তি।'

মন্ত্রী গতকাল রাজধানীর বাংলামটরে বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে 'মাধ্যমিক ও উচ্চশিক্ষা স্তরে মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয়করণ কর্মশালায়' প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর এ অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, 'অনেক শিক্ষককে বিদেশে প্রশিক্ষণ দেয়া হয়েছে। তাদের মান উন্নয়নের চেষ্টা অব্যাহত আছে। মধ্যম আয়ের দেশ এবং উন্নত বাংলাদেশ গড়তে হলে শিক্ষাদান পদ্ধতি ও শিক্ষকদের মানসিকতা আমূল পরিবর্তন করতে হবে। আমাদের মূল্যবোধ ও মানসিকতার বৈপ্লবিক পরিবর্তন করতে হবে।'

তিনি বলেন, দেশব্যাপী ২৩ হাজার ৫০০ মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু করা হয়েছে। শিক্ষায় প্রযুক্তির ব্যবহার বাড়ানো হয়েছে। তিনি মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাস নেয়া, মাল্টিমিডিয়া ক্লাসরুম ও মনিটরিং জোরদার করার ওপর গুরত্বারোপ করেন। মন্ত্রণালয় ও অধিদফতরসহ সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে আরও তৎপর হওয়ার নির্দেশ দেন মন্ত্রী।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ড. এসএম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীর, অতিরিক্ত সচিব মহিউদ্দিন খান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক ও এটুআই প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মনিটরিং ও ইভালুয়েশন উইংয়ের পরিচালক সেলিম মিয়া বক্তব্য রাখেন। পরে শিক্ষামন্ত্রী 'মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং অ্যাপস' উদ্বোধন করেন।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর